

দ্রষ্টব্য। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা রীতির মিশ্রণ দূষণীয়।
১। (ক) 'য-ফলা' উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:

নদী, অবিনাশী, প্রভাত, পুষ্ক, বিশেষজ্ঞ, প্রেতায়া, সংবাদপত্র, আবৃত্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ :

ক্ষতীগ্রস্থ, শুচীপত্র, বুদ্ধিজীবী, শ্বাশুড়ী, উপরোক্ত, দূরাবস্তা, অপেক্ষামান, স্বত্বাধিকারী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) নিম্নোক্ত যে কোনো পাঁচটি, বাক্যের নিম্নরেখ শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর।

- 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।'
- বিপন্ন মানবতার পাশে আমাদের দাঁড়ানো উচিত।
- 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।'
- হায় হায়। ওর এখন কী হবে।
- আকাশে বিদ্যুৎ চমকায়।
- গাড়িটা বেশ জোরে চলছে।
- 'আমি যে এসেছি একান্তরের মুক্তিযুদ্ধ থেকে।'
- 'ফেলে দিল রাত্রি-গাঁথা সঁউতি ফুলের মালা।'

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের শ্রেণিবিভাগ আলোচনা কর।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর :

নরাধম, দুধে-ভাতে, গজানন, তপোবন, চৌরাস্তা, উদ্বেল, লোকান্তর, কালঘুম।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটির বাক্যান্তর কর:

- ধনীর কন্যা তার অপছন্দ। (নেতিবাচক)
- সত্য সেলুকাস, এদেশ বড়ো বিচিত্র। (বিশ্বয়বোধক)
- আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি। (যৌগিক)
- কেউ কিছু বলে না। (অস্তিবাচক)
- এখনো আশা ছাড়ি নাই, কিন্তু মাতুলকে ছাড়িয়াছি। (সরল)
- তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ। (জটিল)
- এমন করা ঠিক হয়নি। (প্রশ্নবোধক)
- নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানানো উচিত। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ :

- তার বিদ্রোহী আত্মার শান্তি কামনা করছি।
- অপহরণ ব্যবসায়ীকে এখনো উদ্ধার করা যায়নি।
- গৌতম বুদ্ধ বুদ্ধধর্ম প্রচারণা করেন।
- সড়ক দুর্ঘটনায় আহত ছাত্রটি বেঁচে আছে।
- মাঝ পড়ুন, সুস্থ্য থাকুন।

- (vi) বাড়-বৃষ্টির কারণে ব্যাপক ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।
(vii) আগামীকাল শপথ নেবেন সংসদরা।
(viii) আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন।

অথবা,

(খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ।

এতদ্বারা, এই কলেজের সকল শিক্ষার্থী-শিক্ষকগণ ও সকল কর্মচারীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মে দিবস উপলক্ষ্যে আসছে আগামী ১ মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ কলেজের সকল শ্রেণি কার্যক্রম বন্ধ থাকিবে। আসছে ২ মে ২০২৪ খ্রি. থেকে কলেজ পূর্বের ন্যায় যথারীতিভাবে চলিবে।

৭। যে কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ:

Architecture, Bacteria, Carfew, Diplomacy, Expert, Galaxy, Hostage, Lock-up, Monarchy, Oath, Public opinion, Quarantine, Reform, Session, War-crime.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর।

In the present world we live in a global village. The countries of the world are now like the homes of village. The countries are like next door neighbour to one another. We can immediately know what happens in other countries. And we can also share their joys and sorrows with them.

৮। (ক) তোমার কলেজে পহেলা বৈশাখ উদ্যাপনের ওপর একটি দিনলিপি লেখ।

অথবা,

(খ) 'দ্রব্য মূল্যের উর্ধ্বগতি' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বই পড়ার গুরুত্ব বিষয়ে পরামর্শ দিয়ে তোমার ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ।

অথবা,

(খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে অধ্যক্ষের কাছে একটি আবেদন পত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ :

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে কোনো সন্দেহ নাই। কিন্তু চরিত্র তদপেক্ষাও মূল্যবান। অতএব, কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভান্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে। মণি মহামূল্যবান পদার্থ বটে, কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্ত বিষধর সর্পের সাহচর্য লাভ করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যা লাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ কর :

ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

১১। মনে কর তুমি নারী, তোমার বন্ধু নীল। উচ্চশিক্ষা স্তরে ভর্তির ক্ষেত্রে 'বিষয় নির্বাচনের গুরুত্ব' প্রসঙ্গে দুজনের মধ্যে সংলাপ রচনা কর।

অথবা,

(খ) নিচের সংকেত অনুসরণে 'লক্ষ্য যেথা স্থির' শিরোনামে একটি গল্প তৈরি কর: পড়ালেখায় ভালো হলেও নবম শ্রেণি পাসের পর বিয়ে হয় মিনুর। কিন্তু রিক্সাচালক বাবা পাত্রপক্ষের দাবি মেটাতে না পারায়.....

১২। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :

- (ক) শিষ্টাচার ও সৌজন্যবোধ
(খ) কৃষিক্ষেত্রে বিজ্ঞান
(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের করণীয়
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প: সমস্যা ও সম্ভাবনা
(ঙ) যুদ্ধ নয় শান্তি।